



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড

ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd



নং পসব্য/প্রকা/হিসাব-১(অংশ -০৩)/২০২১-২২/২০

তারিখঃ ১২/০৭/২০২১খ্রি.

১। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।

২। শাখা ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।


বিষয়ঃ প্রকল্প হতে সম্প্রতি স্থানান্তরিত কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি এবং ঈদ-উল-আযহা এর বোনাস প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। পল্লী সঞ্চয় ব্যাংকের আইন, ২০১৪ এর ধারা ৩৯(১) এর দফা (খ) এর উপ-দফা (এ) এর বিধান অনুসারে ব্যাংকের পরিচালনা বোর্ডের সিদ্ধান্তক্রমে, সম্প্রতি প্রকল্পে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ প্রকল্পে কার্যকালীন যে বেতন, ভাতা ও সুবিধাদি প্রাপ্ত হতেন সেই একই নিয়ম ও শর্তে ব্যাংকের সমমান পদে ০১/০৭/২০২১ তারিখ হতে বদলি/স্থানান্তর করা হয়েছে। মাঠ পর্যায় হতে তাঁদের বেতন ভাতাদি ও ঈদ-উল-আযহা'র বোনাস প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হচ্ছে।

০৩। আমার বাড়ি আমার খামার প্রকল্প হতে সম্প্রতি যেসকল কর্মকর্তা/কর্মচারীকে ব্যাংকে বদলি/স্থানান্তর করা হয়েছে তাঁদের জুলাই/২০২১ মাস হতে বেতন ভাতাদি এবং ঈদ-উল-আযহা'র বোনাস ব্যাংকের স্ব স্ব শাখা হতে ব্যবস্থাপকের অনুমোদনের প্রেক্ষিতে উত্তোলনের অনুমোদন দেওয়া হলো। জেলা কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদনের পর সদর শাখা থেকে বেতন ভাতাদি উত্তোলন করতে পারবেন।


(দীপংকর রায়)

ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

headoffice@pallisanchaybank.gov.bd

সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২। মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৩। সহকারী মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার.....সকল।
- ৫। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। জেলা (আঞ্চলিক) কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক.....জেলা।
- ৮। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক.....শাখা।
- ৯। অফিস নথি/মহানথি।


২৭/৭/২০২১

(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক